বিসমিল্লাহির রাহমানির রাহীম


# শ্রমিক কল্যাণ বার্তা

২৫ নভেম্বর ২০০৬ ইং,　১১ অগ্রহায়ণ ১৪১৩ বাংলা,　৪ জিলক্বদ ঃ ১৪২৭ হিজরী


## ঢাকা মহানগরীর দ্বি-বার্ষিক সম্মেলনে সাবেক শিল্পমন্ত্রী নিজামী

# দেশকে এগিয়ে নিতে হলে নতুন নতুন শিল্প-কারখানা গড়তে হবে




*ইনস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স বাংলাদেশ মিলনায়তনে শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন সাবেক মাননীয় শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী, অন্যান্যের মধ্যে উপস্থিত রয়েছেন এডভোকেট খন্দকার মাহবুব উদ্দিন, এটিএম আজাহারুল ইসলাম, অধ্যাপক মুজিবুর রহমান, আইআইসিএলএর সেক্রেটারী জেনারেল সাঈদ-আল-হাসান, মোঃ আমিনুল ইসলাম, ড. আল বোদিনা, রফিকুল ইসলাম খান, হামিদুর রহমান আজাদ, মোহাম্মদ ইকবাল প্রমুখ নেতৃবৃন্দ।*

জামায়াতে ইসলামী বাংলাদেশের আমীর ও সাবেক শিল্পমন্ত্রী মাওলানা মতিউর রহমান নিজামী বলেছেন দেশকে যদি এগিয়ে নিতে হয়, তাহলে প্রাইভেট সেক্টরের মালিক-শ্রমিকদের নতুন নতুন শিল্পকারখানা গড়তে এগিয়ে আসতে হবে। আর এ ব্যাপারে পরিবেশ গড়ে তোলার দায়িত্ব হলো সরকারের। শিল্পের সার্বিক উন্নয়ন ও উৎপাদনে কোন অবস্থাতেই যাতে অন্তরায় সৃষ্টি না হয় সে ধরনের পরিবেশ গড়ে তোলা অপরিহার্য। বাংলাদেশে শিল্প উন্নয়নের ক্ষেত্রে একটি প্রবাহ সৃষ্টি হয়েছে, যা চোখে পড়ার মত, এ উন্নতি অনেকে মেনে নিতে পারেনি বলে অতিসম্প্রতি বিদেশী আগ্রাসনের শিকার হয়েছে আমাদের পোশাক শিল্প। তিনি কাকরাইলস্থ ইন্সস্টিটিউট অব ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স মিলনায়তনে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরীর দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন। ফেডারেশনের ঢাকা মহানগরী সভাপতি মোহাম্মদ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জাতীয়তাবাদী দলের স্থায়ী কমিটির সদস্য (২য় পৃষ্ঠায় দ্রঃ)



*রাজশাহী মহানগরীর দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান, অন্যান্যের মধ্যে রাজশাহী সিটি কর্পোরেশনের মেয়র মোঃ মিজানুর রহমান মিনু, আমিনুল ইসলাম, অধ্যাপক আলী আশরাফ, আতাউর রহমান, আবুল কালাম আজাদ, এডভোকেট আবু মোঃ সেলিম, অধ্যাপক মোঃ হাবিবুর রহমান প্রমুখ নেতৃবৃন্দ।*

শ্রমিক কল্যাণ ফেডারেশন কার্যালয়ে

## আইআইসিএল-এর সেক্রেটারী জেনারেল সাঈদ আল হাসান

'ইন্টারন্যাশনাল ইসলামি কনফেডারেশন অব লেবার' এর সেক্রেটারী জেনারেল সাঈদ আল হাসান বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরীর দ্বি-বার্ষিক সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন। সম্মেলন শেষে তিনি ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি সাহেবের সাথে ফেডারেশনের মগবাজারস্থ কেন্দ্রীয় কার্যালয়ে সৌজন্য সাক্ষাতে মিলিত হন। সৌজন্য সাক্ষাতের সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন, কবির আহমদ মজুমদার, মোহাম্মদ আমিনুল ইসলাম, মোহাম্মদ ইকবাল, মির্জা মিজানুর রহমান, মোহাম্মদ উল্লাহ, এড: এস এম আবদুল হাই, আবদুল লতিফ এবং আবুল হাসেম প্রমুখ নেতৃবৃন্দ।

## ডক্টর ফরিদ আহমদ পিরাচার সাথে কেন্দ্রীয় সভাপতি

পাকিস্তান পার্লামেন্ট মেম্বার বিশিষ্ট রাজনীতিবিদ ড: ফরিদ আহমদ পিরাচা ফেডারেশনের মগবাজারস্থ কেন্দ্রীয় কার্যালয়ে ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি'র সাথে সৌজন্য সাক্ষাত করেন। অধ্যাপক মুজিবের সাথে ফেডারেশনের কেন্দ্রীয় ও মহানগরী নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।



*২৮ অক্টোবর আওয়ামী লীগের বর্বরোচিত হামলায় আহত শিবির কর্মীকে হাসপাতালে দেখতে যান অধ্যাপক মুজিব ও অন্যান্য নেতৃবৃন্দ।*

## তুরস্কের মিঃ লোকমান তাসের সাথে অধ্যাপক মুজিব

তুরস্কের নাজমুদ্দিন আরবাকানের নিয়ন্ত্রণাধীন শ্রমিক সংগঠন হাকিশ কনফেডারেশনের কর্মকর্তা মিস্টার লোকমান তাস বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমানের সাথে সৌজন্য সাক্ষাত এবং মত বিনিময় করেন।

# সম্পাদকীয়

চারদলীয় ঐক্যজোট সরকার এর মেয়াদ শেষ হলো ২৭ অক্টোবর '০৬। সফলভাবে দেশ পরিচালনা করে জোট সরকার ক্ষমতা হস্তান্তর করলো কেয়ারটেকার সরকার এর হাতে। কিন্তু দেশী-বিদেশী চক্রান্তকারীরা সংবিধানের ধারাবাহিকতায় বাধা সৃষ্টি করলো। দেশব্যাপী অরাজকতা সৃষ্টির মাধ্যমে তারা তাদের চক্রান্ত সফল করার জন্য মেতে উঠলো। তাদের সহযোগী হিসেবে বিদেশী কূটনৈতিকরাও পাল্লা দিয়ে মাঠে নামলো। ফেডারেশনের গাজীপুর জেলা সাবেক সভাপতি বীর মুক্তিযোদ্ধা রুহুল আমিন এবং মিরপুরের শ্রমিক নেতা মোঃ হাবিবুর রহমানসহ সারা দেশের ২৫ জন নিরপরাধ ছাত্র জনতাকে আওয়ামী ফ্যাসিষ্টরা লগি-বৈঠা দিয়ে নির্মমভাবে হত্যা করলো। বহু স্থাপনা পুড়িয়ে দিল। পল্টন মোড়ে ইসলামী ছাত্র শিবির ও জামায়াতের কর্মীদের উপর ওদের হামলার দৃশ্য বিশ্বের কোটি কোটি মানুষ দেখে শিহরে উঠলো। আর ওদের প্রতি ঘৃণা নিক্ষেপ করলো। জনগণের এই ঘৃণা ওদের পতন ডেকে আনবে ইনশাআল্লাহ।

জোট সরকারের মেয়াদ শেষে গার্মেন্টিস শিল্পে অস্থিরতা ও অরাজকতা সৃষ্টির চেষ্টাও তারা করেছে। শ্রমিকদের ন্যূনতম মজুরী কত হওয়া প্রয়োজন সে ব্যাপারে কোন ঐক্যমত সৃষ্টি করা সম্ভব হয়নি। সরকার ১৬০০ টাকা নিম্নতম মজুরী ঘোষণা করলেও মালিক পক্ষ তা মেনে নিতে পারছে না। অপরদিকে শ্রমিক পক্ষও বলছে এ মজুরী খুবই কম। এমনি অবস্থার মধ্যে সরকারী সিদ্ধান্ত বাস্তবায়ন অনিশ্চতার মধ্যে রয়েছে।

শুধু গার্মেন্টিস শিল্প নয়- বেসরকারী শ্রমজীবীদের নিম্নতম মজুরী নির্ধারণ করা এই সরকারের পক্ষে সম্ভব হয়নি। যদিও সরকার এ ব্যাপারে ওয়াদাবদ্ধ ছিল। বেসরকারী শ্রমিকরা নির্যাতিত। এসব প্রতিষ্ঠানে নেই কোন নীতিমালা, চাকুরীবিধি, পে-স্কেল, জনগণের সরকার এ ব্যাপারে ভূমিকা রাখবেন আশা করি।

২০০৭ সালের জানুয়ারী মাসে যে জাতীয় নির্বাচনের সিদ্ধান্ত রয়েছে সঠিকভাবে সে নির্বাচন অনুষ্ঠিত হোক আল্লাহর কাছে তার জন্য দোয়া করছি।



*নারায়ণগঞ্জ জিলা কার্যালয়ে দায়িত্বশীলদের সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি পাশে উপবিষ্ট আছেন জিলা আমীর মাওলানা মঈনউদ্দিন আহমেদ*



*রিক্সা শ্রমিকদের মধ্যে ঈদের সেমাই-চিনি বিতরণ করছেন ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব মোঃ আমিনুল ইসলাম*

## ফেডারেশনের উদ্যোগে দেশব্যাপী প্রতিবাদ দিবস পালিত

সাভার ইপিজেডসহ সারাদেশের প্রায় তিন শতাধিক গার্মেন্টিস কারখানায় হামলা, ভাংচুর, লুটপাট ও অগ্নিসংযোগের প্রতিবাদে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের আহ্বানে সারাদেশব্যাপী প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। প্রতিবাদ দিবসের অংশ হিসেবে ঢাকা মহানগরী শ্রমিক কল্যাণ ফেডারেশনের উদ্যোগে গুলশান থানা টিএন্ডটি কলোনী মাঠে এক বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়। ফেডারেশনের ঢাকা মহানগরী সহ-সভাপতি এডভোকেট এস.এম. আবদুল হাই-এর সভাপতিত্বে অনুষ্ঠিত প্রতিবাদ সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ফেডারেশনের সহ-সভাপতি জনাব কবির আহমদ মজুমদার, বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন জামায়াতের গুলশান থানা আমীর জনাব এ.আর.এম মনির, জনাব মির্জা মিজানুর রহমান, জনাব হাজী আব্দুর রাজ্জাক, জনাব মাহির উদ্দিন প্রমুখ শ্রমিক নেতৃবৃন্দ। সমাবেশে বক্তাগণ গার্মেন্টিস শিল্পে হামলার সাথে জড়িত সন্ত্রাসী চক্রকে গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তি দানের জোর দাবী জানান। তারা গার্মেন্টিস শ্রমিকদের মজুরি বোর্ড গঠন ও বাস্তবায়ন, আহত ও নিহত শ্রমিকদের উপযুক্ত ক্ষতিপূরণ, গার্মেন্টিস শ্রমিকদের কর্মঘন্টা নির্ধারণ, নিয়োগপত্র ও ট্রেড ইউনিয়ন অধিকার প্রদানের জোর দাবী জানান।

## শ্রমিক কল্যাণ-শ্রমিক দল ছাত্রশিবির-ছাত্রদলকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি, সংবাদপত্রে এক বিবৃতিতে বাংলাদেশ ইসলামী মূল্যবোধে বিশ্বাসী এবং জাতীয়তাবাদী শক্তির ঐক্যকে সুদৃঢ় এবং সুসংহত করে দেশের সাধারণ মানুষের প্রত্যাশা পূরণে শ্রমিক ময়দানে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন এবং জাতীয়তাবাদী শ্রমিক দলকে এবং ছাত্রদেরকে শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্রশিবির ও ছাত্রদলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার উদাত্ত আহ্বান জানান। তিনি বলেন, ছাত্র ময়দানে ছাত্রশিবির-ছাত্রদল ঐক্যবদ্ধ থাকায় জোট বিরোধী ছাত্র সংগঠনগুলো ঐ ময়দানে এখনো পর্যন্ত কোন বিশৃঙ্খলা-অরাজকতা সৃষ্টি করতে পারেনি। কিন্তু দুর্ভাগ্য হলেও সত্য যে, শ্রমিক ময়দানে জোট বিরোধী দলের শ্রমিক সংগঠন এবং স্কপ প্রীতি জাতীয়তাবাদী শ্রমিক দল ত্যাগ করতে পারেনি। ২০০১ সালে জোট সৃষ্টির পর থেকে অদ্যাবধি শত চেষ্টা করে জোটের পক্ষের শ্রমিক সংগঠনগুলোর একাধিক বৈঠক করেও বড় দলের অনাগ্রহের কারণে ঐক্যের তেমন সুফল পাওয়া যাচ্ছে না। তিনি বলেন, গার্মেন্টিস সেক্টরে বিরাজিত অসন্তোষ দূর করার লক্ষ্যে ত্রিপক্ষীয় চুক্তির নামে জোট বিরোধী ১৪ দলের শ্রমিক সংগঠনের সাথে এক দিকে বৈঠক ও চুক্তি আবার অন্যদিকে আন্দোলন চালিয়ে যাওয়ার নামে অরাজকতা ও ধ্বংসযজ্ঞ চালানোর অপকৌশল শ্রমজীবী মানুষের এবং জোটের পৃষ্ঠে ছুরিকাঘাতের শামীল যে তা বৈঠকে মাননীয় শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রীর বক্তব্যে পরিষ্কার বুঝা যায়। তিনি জোটের ঐক্যকে অটুট, সুদৃঢ় এবং সুসংহত করার লক্ষ্যে শ্রমিক ময়দানে জোটের শ্রমিক সংগঠনগুলোকে এবং ছাত্র ময়দানে ছাত্রশিবির ও ছাত্রদলকে আরও সুদৃঢ় ঐক্য গড়ে তোলার জন্য জোটের নেতাদের প্রতি উদাত্ত আহ্বান জানান।

## শ্রমিক কল্যাণের যমুনা সার কারখানা শাখার সভা অনুষ্ঠিত

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন যমুনা সারকারখানা শাখা আয়োজিত এক সাধারণ সভায় প্রধান অতিথির বক্তব্যে বাংলাদেশ কেমিক্যাল শ্রমিক কল্যাণ ফেডারেশনের (বা,কে,শ্র,ক.ফে) সাধারণ সম্পাদক জনাব আকন্দ মো. সিকান্দর আলী মন্ত্রী পরিষদে অনুমোদিত সরকারী শ্রমিকদের মজুরী স্কেল অবিলম্বে বাস্তবায়নের দাবী জানিয়েছেন। তিনি আরো বলেন, রাসূল (সা.) বলেছেন "শ্রমিকরা হচ্ছে আল্লাহর বন্ধু"। সুতরাং আল্লাহর বন্ধুদের সাথে তালবাহানা করলে আল্লাহ তা বরদাস্ত করবেন না।

জনাব মো. একরামুল হকের সভাপতিত্বে সভায় দারসুল কুরআন পেশ করেন সরিষাবাড়ী উপজেলা জামায়াতের কর্মপরিষদ সদস্য মাওলানা শফিকুল ইসলাম মোল্লা, অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন মো. সোহরাব হোসেন প্রমুখ।

## জার্মানীতে সেমিনারে অধ্যাপক মুজিব

ইউরোপিয়ান ইসলামিক ইন্টারকালচারাল ডায়ালগ (টিচার্স ট্রেনিং প্রোগ্রাম) শীর্ষক সেমিনারে অংশগ্রহণের উদ্দেশ্যে জার্মান সরকারের আমন্ত্রণে জামায়াতে ইসলামী বাংলাদেশের অন্যতম সহকারী সেক্রেটারী জেনারেল এবং শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান সম্প্রতি জার্মানীতে যান। গত ২৬ আগস্ট থেকে শুরু করে ৯ সেপ্টেম্বর পর্যন্ত অনুষ্ঠিতব্য এই সেমিনারে তিনি গুরুত্বপূর্ণ বক্তব্য রাখেন। আন্তধর্মীয় সংলাপ সমাবেশে অধ্যাপক মুজিব বলেন, ইসলাম মানবতার ধর্ম। (৩য় পাতায়)




*২৮ অক্টোবর পল্টনে ১৪ দলের সন্ত্রাসীদের দারা নৈরাজ্য ও হত্যার বিরুদ্ধে কুমিল্লা শহর শাখা শ্রমিক কল্যাণ ফেডারেশন সমাবেশ ও বিক্ষোপ মিছিল করে*



ইফার সিবিএ নেতৃবৃন্দ এবং ফেডারেশনের নেতৃবৃন্দের সাথে মতবিনিময় করছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান

### মেহেরপুর দ্বি-বার্ষিক সম্মেলনে অধ্যাপক মুজিব

## ইসলামী শ্রমনীতি বাস্তবায়নই শ্রমিকদের কল্যাণ সম্ভব

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি ও জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল, সাবেক এমপি. অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, ইসলামী শ্রমনীতি বাস্তবায়নের মাধ্যমেই শ্রমিকদের কল্যাণ করা সম্ভব। শ্রমিক ও মালিকদের সম্পর্ক ভাল হলে উৎপাদন বাড়বে। মিল কলকারখানায় উন্নয়ন হবে। তিনি বলেন, শ্রমিকদের জন্য এমন ন্যুনতম মজুরি দেয়া উচিত যাতে তারা তাদের মৌলিক চাহিদা পূরণ করতে পারে। শ্রমিকদের ন্যূনতম মজুরি দেয়ার ক্ষেত্রে সরকার, শ্রমিক ও মালিক পক্ষকে একত্রে বসে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। প্রতি বছরই শ্রমিকদের সর্ব নিম্ন মজুরি নির্ধারণ করার প্রয়োজন রয়েছে। মেহেরপুর শিল্পকলা একাডেমীতে মেহেরপুর জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন আয়োজিত দ্বি-বার্ষিক কর্মী সম্মেলনে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।
জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আলাউদ্দিন আহমেদের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন মেহেরপুর জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের উপদেষ্টা আলহাজ্ব ছমির উদ্দীন। কুষ্টিয়া জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন সভাপতি নওশের আলী, চুয়াডাঙ্গা সভাপতি রুহুল আমীন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন, মেহেরপুর জেলা জামায়াতের সেক্রেটারী সিরাজুল ইসলাম, শ্রমিক কল্যাণ ফেডারেশনের সদর সভাপতি আসাদ আলী, মুজিবনগর সভাপতি ওমর ফারুক, গাংনী সভাপতি মফিজুর রহমান, গাংনী পৌর সভাপতি আঃ মালেক, প্রমুখ। প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মুজিব আরো বলেন, শ্রমিকদের কল্যাণে কাজ করতে হবে এবং তাদের অধিকার প্রতিষ্ঠিত করতে হবে। তিনি বলেন, আমাদের প্রিয় নবী হযরত মোহাম্মদ (সঃ) শ্রমিকদের ভালোবেসেছেন। তিনি শ্রমিকের হাতকে ভালোবাসতেন।

### মহানগরী শিক্ষা শিবিরে রফিকুল ইসলাম খান

## শ্রমজীবীদের সংগঠিত করে ইসলাম প্রতিষ্ঠার আন্দোলন আরও ত্বরান্বিত করুন

জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী আমীর রফিকুল ইসলাম খান বলেছেন, শ্রমজীবী মানুষদের আল্লাহর আইন আর সৎ লোকের শাসন প্রতিষ্ঠার করার জন্য ঐক্যবদ্ধ করতে পারলে নিশ্চয়ই ইসলামী রাষ্ট্র প্রতিষ্ঠার আন্দোলন ত্বরান্বিত হবে। শ্রমজীবী মানুষ যেভাবে আল্লাহর আইন ও সৎ লোকের শাসনের আন্দোলনে অংশগ্রহণ করছে তাতে আমাদের বিশ্বাস আগামী দিনগুলো হবে ইসলাম প্রতিষ্ঠার দিন এবং নিশ্চয়ই বাংলাদেশের জমিনে আল্লাহ তার দ্বীন প্রতিষ্ঠা করবেন। এছাড়াও তিনি গার্মেন্টিস শ্রমিকদের জন্য বাজার দরের সাথে সংগতি রেখে উপযুক্ত মজুরি নির্ধারণ ও গার্মেন্টিস মালিকদের তা মেনে নেয়ার আহ্বান জানান। তিনি সম্প্রতি শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরীর উদ্যোগে পুরানা পল্টনস্থ মারুফ ফাউন্ডেশন মিলনায়তনে আয়োজিত এক শিক্ষা শিবিরে প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।
শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী সভাপতি মোহাম্মদ ইকবালের সভাপতিত্বে অনুষ্ঠিত শিক্ষা শিবিরে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ফেডারেশনের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক ও জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য মুহাম্মদ আমিনুল ইসলাম ও জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী সহকারী সেক্রেটারী নূরুল ইসলাম বুলবুল। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন ফেডারেশনের সাবেক সাধারণ সম্পাদক অধ্যাপক হারুনুর রশিদ খান, শ্রম উপ-পরিচালক আবদুল খালেক প্রমুখ। সভাপতির বক্তব্যে মোহাম্মদ ইকবাল গার্মেন্টিস শ্রমিকদের উপযুক্ত মজুরি নির্ধারণ, পাটকল শ্রমিকদের বকেয়া মজুরি পরিশোধ এবং বর্তমান সংসদে ফাযিল ও কামিলের মানকে সরকারের ঘোষণা অনুযায়ী বিল উথাপন করে পাস করার আহ্বান জানান।



তুরস্কের নাজমুদ্দিন আরবাকানের সংগঠন হাকিশ ফেডারেশনের কর্মকর্তা মিষ্টার লোকমান তাস শ্রমিক কল্যাণ আয়োজিত রিলিফ বিতরণ অনুষ্ঠানে রিলিফ বিতরণ করছেন

## গার্মেন্টিস শ্রমিকদের উপযুক্ত মজুরি নির্ধারণের দাবি জানিয়েছে শ্রমিক কল্যাণ ফেডারেশন

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি এবং জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি এবং ফেডারেশনের সাধারণ সম্পাদক ও জামায়াতে ইসলামী বাংলাদেশের কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য আমিনুল ইসলাম এক বিবৃতিতে গার্মেন্টিস শ্রমিকদের জন্য বর্তমান জীবন-মান এবং দ্রব্যমূল্যের সাথে সংগতি রেখে মজুরি নির্ধারণের আহ্বান জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, বর্তমান চারদলীয় জোট সরকার গার্মেন্টিস শ্রমিকদের নিম্নতম মজুরী নির্ধারণের যে উদ্যোগ নিয়েছে আমরা তাদের এই উদ্যোগকে স্বাগত জানাই। নেতৃদ্বয় মজুরি নির্ধারণের বিষয়ে স্ব স্ব অবস্থানে না থেকে শ্রমিক পক্ষ ও মালিক পক্ষকে পরস্পরের প্রতি আরো সহনশীল হওয়ার উদাত্ত আহ্বান জানিয়েছেন।

### কোরিয়ায় আইএলও দক্ষিণ এশীয় আঞ্চলিক সম্মেলনে অধ্যাপক মুজিব

## বিশ্বে দারিদ্র্য ও বেকারত্বের কারণে যুব সম্প্রদায় সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়াচ্ছে

আইএলও আয়োজিত দক্ষিণ কোরিয়ার বুশান শহরে বেক্সকো হলে এশিয়া অঞ্চলের ১৪তম সম্মেলনে সম্প্রতি বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান তাঁর বক্তব্যে বলেন, আধুনিক বিশ্বে দারিদ্র্য ও বেকারত্বের কারণে যুব সম্প্রদায় সমাজবিরোধী ও সন্ত্রাসী কর্মকাণ্ডে জড়িয়ে পড়ছে। তিনি বলেন, আইএলও একটি অভিভাবক সংগঠন হিসেবে এ ক্ষেত্রে বলিষ্ঠ ভূমিকা পালন করতে পারে। বিশ্বে একটি ইসলাম বিদ্বেষী মহল পরিকল্পিতভাবে ইসলামের বিরুদ্ধে অপপ্রচার চালিয়ে সন্ত্রাস ও সন্ত্রাসী কর্মকাণ্ডে ইসলামকে জড়ানোর অপচেষ্টা চালাচ্ছে বলে তিনি মন্তব্য করেন। জনাব মুজিব বলেন, ইসলাম ও সন্ত্রাস সম্পূর্ণ আলাদা। ইসলামের সাথে সন্ত্রাসের কোনই সম্পর্ক নেই, থাকতে পারে না। তিনি আরো বলেন, বাংলাদেশে চারদলীয় জোট সরকারের বলিষ্ঠ ভূমিকায় এবং এ দেশের ইসলামী দল, ব্যক্তি মসজিদ, মাদারাসা, ইমাম ও শিক্ষকদের বলিষ্ঠ ভূমিকায় সন্ত্রাসের শক্তি নির্মূল হয়েছে। তিনি সন্ত্রাসবাদকে নির্মূল করার জন্য আইএলওসহ সকল আন্তর্জাতিক সংস্থাকে এগিয়ে আসার আহ্বান জানান। সম্মেলনে আইএলও'র মহাপরিচালক কোরিয়ার প্রেসিডেন্ট শ্রীলংকা ও জর্ডানের প্রধানমন্ত্রীসহ ৩৯টি দেশের প্রায় আড়াইশ সদস্য যোগদান করেন।

## জার্মানীতে অধ্যাপক মুজিব

(২এর পাতার পর)

এই ধর্ম শুধু মানুষ নয়, সকল সৃষ্টি জগতের প্রতি রহমত স্বরূপ। তিনি সকল ধর্মের লোকদের প্রতি ইসলামকে জানার জন্য উদাত্ত আহ্বান জানান। উল্লেখ্য, গত ২৯ আগস্ট থেকে ১ সেপ্টেম্বর পর্যন্ত দক্ষিণ কোরিয়ার বুশান শহরের বেক্সো হলে আন্তর্জাতিক শ্রম সংস্থা আইএলও-এর উদ্যোগে "ডিসেন্ট ওয়ার্ক ইন এশিয়া" শীর্ষক কর্মশালায় অংশগ্রহণ শেষে তিনি থাই বিমানযোগে ঢাকায় ফিরে আসেন এবং আরব আমিরাত বিমান যোগে জার্মানীর উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেন।



ইসলামী ব্যাংকের নবনির্বাচিত চেয়ারম্যান জনাব আবু নাসের মোঃ আব্দুর জাহেরকে ইসলামী ব্যাংক সিবিএ নেতৃবৃন্দ ফুলের তোড়া দিয়ে শুভেচ্ছা জানাচ্ছেন




*শিল্পকারখানায় ভাংচুর, নৈরাজ্য ও লুটপাটের প্রতিবাদে আয়োজিত বিক্ষোভ সমাবেশে বক্তব্য রাখছেন চট্টগ্রাম মহানগরী সভাপতি অধ্যাপক আহসান উল্লাহ*

**শ্রমিক দল নেতৃবৃন্দের সাথে মতবিনিময় সভা**

## ঐক্যবদ্ধ শ্রমিক আন্দোলনের পাশাপাশি আখেরাতের প্রস্তুতি নিতে হবে

সম্প্রতি বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের নেতৃবৃন্দের সাথে এবং জাতীয়তাবাদী শ্রমিক দলের সাধারণ সম্পাদক শ্রমিক নেতা জাফরুল হাসানসহ নেতৃবৃন্দের মতবিনিময় সভা শ্রমিক দলের নয়া পল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। মতবিনিময় সভায় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি বলেন, দেশে চারদলীয় ঐক্যজোটকে আরো মজবুত ও সুদৃঢ় করার লক্ষ্যে শ্রমিক ময়দানে ঐক্যবদ্ধভাবে শ্রমিক কল্যাণ ফেডারেশন ও শ্রমিক দলকে শ্রমজীবী অসহায় মানুষের অধিকার আদায়ের জন্য আন্দোলন করতে হবে। তিনি বলেন, জোট বিরোধী অপতৎপরতার বিরুদ্ধে আমাদেরকে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করতে হবে এবং ঐক্যবদ্ধ শ্রমিক আন্দোলনের পাশাপাশি আখেরাতের প্রস্তুতিও নিতে হবে। অনুষ্ঠানে শ্রমিক দলের সাধারণ সম্পাদক জনাব জাফরুল হাসান বলেন, শ্রমিক কল্যাণ ফেডারেশনের মজুরী কমিশনের দাবী আমাদেরও দাবী। তা বাস্তবায়নে আমরাও ঐক্যবদ্ধভাবে কাজ করবো। তিনি বলেন, শ্রমিকরা বাধ্য হয়ে ইতিপূর্বে ঘোষিত মজুরী কমিশন অনুযায়ী ৯৩০ টাকা নিম্নতম মজুরী না পেয়েও অভাবের তাড়নায় এবং বেকারত্বের হাত থেকে মুক্তি পাওয়ার জন্যই ৩০০ বা ৫০০ টাকায় গার্মেন্টস সেক্টরে কাজ করতে বাধ্য হচ্ছে। মতবিনিময় অনুষ্ঠানে ফেডারেশনের সাধারণ সম্পাদক জনাব মুহাম্মদ আমিনুল ইসলাম, সহ-সভাপতি কবির আহমদ মজুমদার, মহানগরী সভাপতি জনাব মোহাম্মদ ইকবাল, জাতীয়তাবাদী শ্রমিক দলের মহানগরী সাধারণ সম্পাদক জনাব মোহাম্মদ নাছিম, শ্রমিক কল্যাণ মহানগরীর সহ-সভাপতি এড: এস.এম. আবদুল হাই, সেক্রেটারী মির্জা মিজানুর রহমান, জনাব মাহির উদ্দিন, জনাব নজরুল ইসলাম, হাজী তোফাজ্জল হোসেন প্রমুখ নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

**ঠাকুরগাঁও জেলা দ্বি-বার্ষিক সম্মেলন**

## শ্রমিকদের দাবী প্রতিষ্ঠা না হওয়া পর্যন্ত শ্রমিক কল্যাণ আন্দোলন চালিয়ে যাবে

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান বলেন, ইসলামী শরীয়া ভিত্তিক শ্রমিকদের ন্যায্য দাবী আদায় ও প্রতিষ্ঠার লক্ষ্যে শ্রমিক কল্যাণ ফেডারেশন আন্দোলন করে যাচ্ছে। যতদিন শ্রমিকদের ন্যায্য দাবী প্রতিষ্ঠা না হবে ততদিন আমরা আন্দোলন চালিয়ে যাবো। আজ সমগ্র দুনিয়ায় শ্রমিকরা অধিকার বঞ্চিত হচ্ছে। আমরা রাসূলুল্লাহর উম্মত হিসেবে শ্রমিকদের দাবী আদায় ও কল্যাণের জন্য কাজ করে যাচ্ছি। শ্রমিকদের ন্যায্য দাবী প্রতিষ্ঠা করার লক্ষ্যে আমরা কাজ করে যাব ইনশাআল্লাহ। শ্রমিকরা যেখান থেকে রুজি রোজগার করে খায় তাতে আগুন লাগাতে পারে না। তারা আগুন লাগিয়ে কল-কারখানা ধ্বংস করতে পারে না। যারা এর পূর্বে পাটের গুদামে আগুন জ্বালিয়ে ভেজালযুক্ত পাট বিদেশে পাচার করে দেশের অর্থনীতিকে ধ্বংস করেছে, সোনালী আঁশ থেকে বৈদেশিক মুদ্রা অর্জন হতে বঞ্চিত করেছে ওই অশুভ শক্তিই এ দেশে গার্মেন্টস শিল্পকে ধ্বংসের চক্রান্ত তথা অর্থনীতি ধ্বংসের জন্য গার্মেন্টসে আগুন দিচ্ছে। এরা দেশে জ্বালাও পোড়াও এবং ভাংচুরের রাজনীতি শুরু করেছে। এদের ব্যাপারে আমাদের সাবধান থাকতে হবে। তিনি সম্প্রতি স্থানীয় মির্জা রুহুল আমীন মিলনায়তনে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঠাকুরগাঁও জেলা শাখার দ্বিবার্ষিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে এই বক্তব্য প্রদান করেন। ঠাকুরগাঁও জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি আবু মোতালেবের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাজশাহী বিভাগের শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি মোঃ আবুল কালাম আজাদ, জেলা বিএনপির সাধারণ সম্পাদক সামাউন হক সামু চৌধুরী, জেলা জামায়াতের আমীর মাওলানা আব্দুল হাকিম, সালন্দর আলীয়া মাদরাসার অধ্যক্ষ মাওলানা রফিকুল ইসলাম। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বালিয়াডাঙ্গী উপজেলা উপদেষ্টা অধ্যাপক রফিকুল ইসলাম, বাস পরিবহন শ্রমিক নেতা জাহাঙ্গীর আলম, ইরামত নির্মাণ শ্রমিক নেতা নজরুল ইসলাম, ফেডারেশনের রাণীশংকৈল উপজেলা সভাপতি রফিকুল ইসলাম, সিবিএ নেতা মোঃ শহিদুল ইসলাম প্রমুখ।



*কুমিল্লা মহানগরী শ্রমিক কল্যাণ আয়োজিত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে বস্ত্র বিতরণ করছেন শহর আমীর কাজী দ্বিন মোহাম্মদ*

**ঢাকা দক্ষিণের সম্মেলন**

## ১৪ দল দেশে হত্যা, ভাংচুর, জ্বালাও-পোড়াও নীতি গ্রহণ করেছে

শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা বিভাগ দক্ষিণের এক সম্মেলন নারায়ণগঞ্জ জেলা কার্যালয়ে অনুষ্ঠিত হয়। বিভাগীয় সভাপতি মোহাম্মদ উল্লাহর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে প্রধান অতিথি ছিলেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জামায়াতের কেন্দ্রীয় মজলিসে শূরার সদস্য নারায়ণগঞ্জ জেলা আমীর মাওলানা মঈনুদ্দিন আহমেদ।

প্রধান অতিথি বলেন, আওয়ামী লীগ আগামী নির্বাচনে ১৪ দলকে নৌকার মাঝি বানিয়েও ক্ষমতায় যেতে পারবে না বুঝতে পেরে সারাদেশে হত্যা, ভাংচুর, জ্বালাও-পোড়াও নীতি গ্রহণ করে দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টি করে ঘোলা পানিতে মাছ শিকার করতে চায়। আওয়ামী লীগ তাদের ভারতীয় প্রভুদের স্বার্থ রক্ষায় দেশের অর্থনীতিকে ধ্বংস করে দিতে চায়। এজন্য তারা অত্যন্ত সুপরিকল্পিতভাবে তথাকথিত ১৪ দলের শ্রমিক নেতাদের দিয়ে গার্মেন্টস কারখানায় হামলা, অগ্নিসংযোগ, ভাংচুর এবং ধ্বংসযজ্ঞ চালিয়েছে। তিনি আওয়ামী লীগের এই ধ্বংসাত্মক রাজনীতির বিরুদ্ধে ঐক্যবদ্ধ প্রতিরোধ গড়ে তোলার জন্য চার দলীয় জোটের শ্রমিক নেতৃবৃন্দসহ সকলের প্রতি উদাত্ত আহ্বান জানান। সম্মেলনে আগামী সেশনের জন্য মোহাম্মদ উল্লাহকে সভাপতি ও মোহাম্মদ শহীদুজ্জামানকে সেক্রেটারী করে ১৯ সদস্য বিশিষ্ট কমিটি গঠিত হয়।

**পঞ্চগড়ের শ্রমিক সমাবেশে অধ্যাপক মুজিব**

## আদর্শ ও খোদাভীরু নেতৃত্ব ছাড়া শ্রমিক অধিকার আদায় সম্ভব নয়

শ্রমিক কল্যাণ ফেডারেশনের সভাপতি এবং জামায়াতের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান পঞ্চগড়ের এক শ্রমিক সমাবেশে বলেন, ট্রেড ইউনিয়ন ময়দানে অসহায় নিরীহ খেটে খাওয়া শ্রমজীবী মানুষের অধিকার প্রতিষ্ঠা ততক্ষণ পর্যন্ত সম্ভব নয় যতক্ষণ আদর্শ ও খোদাভীরু নেতৃত্ব ট্রেড ইউনিয়ন ময়দানে প্রতিষ্ঠিত না হবে। সংগঠিত জনশক্তিকে তাদের দাবী আদায়ের নামে অতীতে উস্কে দিয়ে বিশৃঙ্খলা সৃষ্টি করে সরকার ও মালিকদের নিকট থেকে আদর্শহীন শ্রমিক নেতারা নিজেদের স্বার্থ আদায় করে গাড়ী বাড়ীর মালিক হয়েছেন, কিন্তু খেটে খাওয়া এসব অসহায় মানুষের ভাগ্যের কোন পরিবর্তন হয়নি। ট্রেড ইউনিয়ন ময়দানে কেবলমাত্র খোদাভীরু শ্রমিক নেতৃত্ব প্রতিষ্ঠিত হলেই শ্রমজীবী অসহায় মানুষের সাথে প্রতারণা বন্ধ হবে। তিনি সমাবেশে প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। সমাবেশে বিশেষ অতিথি ছিলেন পঞ্চগড় জেলা আমীর মাওলানা আবদুল খালেক, সেক্রেটারী এমদাদুল্লাহ এবং ফেডারেশনের সহ-সভাপতি আবুল কালাম আযাদ প্রমুখ। সমাবেশ শেষে জনাব শহীদুল ইসলামকে সম্পাদক করে ১১ সদস্য বিশিষ্ট শ্রমিক কল্যাণ ফেডারেশনের পঞ্চগড় জেলা কমিটি ঘোষণা করা হয়।




*আওয়ামী লীগের পরিকল্পিত গার্মেন্টস শিল্প ধ্বংসের বিরুদ্ধে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ফতুল্লা থানায় আয়োজিত বিক্ষোভ মিছিলে নেতৃত্ব দিচ্ছেন ঢাকা দক্ষিণের সভাপতি জনাব মোহাম্মদ উল্লাহ*



*ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক (ইউসিবিএল) -এর সিবিএ নেতৃবৃন্দ ফুলের তোড়া দিচ্ছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমানকে পাশে রয়েছেন সাধারণ সম্পাদক মোঃ আমিনুল ইসলাম*

**কুড়িগ্রাম জেলা দ্বি-বার্ষিক সম্মেলনে অধ্যাপক মুজিব**

# ইসলামী সমাজ কায়েম করে সন্ত্রাস ও বেকারত্ব দূর করতে হবে

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি ও জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান বলেন, ইসলামী সমাজ কায়েম করে এদেশের সন্ত্রাস, দুর্নীতি ও বেকারত্ব দূর করতে হবে। তিনি বলেন, নিজেদের রুটি-রুজির উৎস শিল্প কারখানায় শ্রমিকরা আগুন কোন দিন লাগাতে পারে না। তারাই এদেশে শিল্প কারখানায় আগুন লাগিয়েছে যারা এদেশের উৎপাদন ও উন্নয়ন বাড়তে দিতে চায় না।

গত ১৬ জুন কুড়িগ্রাম টাউন হলে সকাল ৯টায় সংগঠনের জেলা সভাপতি মাওলানা আ.ন.ম আবদুল খালেকের সভাপতিত্বে দ্বি-বার্ষিক সম্মেলনে বিশেষ অতিথি ছিলেন ফেডারেশনের জেলা উপদেষ্টা সভাপতি ও কুড়িগ্রাম জেলা জামায়াতের আমীর অধ্যাপক আজিজুর রহমান সরকার, রাজশাহী উত্তর বিভাগীয় সেক্রেটারী মোহাম্মদ আজহার আলী প্রমুখ।

প্রধান অতিথি আরো বলেন, শ্রমিক কল্যাণ ফেডারেশন একটি সম্পূর্ণ স্বতন্ত্র শ্রমিকদের সংগঠন। এ সংগঠনটি একমাত্র আল্লাহর সন্তুষ্টি অর্জনের জন্য এবং এদেশের শ্রমিকদের ন্যায্যদাবী আদায়ের লক্ষ্যেই কাজ করে যাচ্ছে। তিনি বলেন, শ্রমিককে দু'জন মালিককে খুশী করাতে হয়। একজন সারা বিশ্বের সৃষ্টিকর্তা প্রকৃত মালিক মহান আল্লাহ, অপরজন কর্মস্থলের মালিক। যারা কর্মস্থলের মালিকের সকল কাজকর্ম মনোযোগের সাথে যথাযথভাবে পালনের পাশাপাশি আল্লাহর ইবাদতের প্রতি খেয়াল রাখে আল্লাহ সেই সকল বান্দাকে সবচেয়ে বেশী পছন্দ করেন।

**গোমস্তাপুর উপজেলা শ্রমিক সমাবেশের ঘোষণা**


# একটি দল দেশের শিল্প-কারখানা ধ্বংসে মেতেছে

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, বিরোধী দলের ক্ষমতায় যাবার স্বপ্ন নষ্ট হওয়ার আশঙ্কায় ৪ দলীয় জোট ভাঙ্গার জন্যে ইস্যু সৃষ্টি করা হচ্ছে। তিনি বলেন, জামায়াতকে জোট থেকে বাদ দেয়ার জন্যেই আ'লীগ নির্বাচনী সংস্কার ইস্যু সৃষ্টি করেছে। কেয়ারটেকার সরকার পদ্ধতির উদ্ভাবক জামায়াতকে বাদ দিয়ে কখনো সংস্কার আলোচনা হতে পারে না।

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন গোমস্তাপুর উপজেলা শাখার উদ্যোগে সম্প্রতি রহনপুর ইউসুফ আলী কলেজ মিলনায়তনে এক শ্রমিক সমাবেশে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এ কথা বলেন। শ্রমিক কল্যাণ ফেডারেশন গোমস্তাপুর উপজেলা শাখার সভাপতি অধ্যাপক তরিকুল ইসলাম বকুলের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও সাবেক এমপি মাওলানা মীম ওবায়দুল্লাহ, জেলা আমীর অধ্যাপক রফিকুল ইসলাম, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি ও চাঁপাইনবাবগঞ্জ পৌরসভার চেয়ারম্যান অধ্যাপক আতাউর রহমান, গোমস্তাপুর উপজেলা আমীর মুঃ তাজের হোসেন, রহনপুর পৌর আমীর মাওলানা নূরুল হুদা, শ্রমিক কল্যাণ ফেডারেশনের জেলা সভাপতি লোকমান আলী, মাওলানা আঃ রহমান, আলহাজ্ব সেতাব উদ্দিন প্রমুখ।

সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান বলেন, একটি দল দেশের উন্নয়নকে সহ্য করতে না পেরে শিল্প-কারখানা ধ্বংসে মেতে উঠেছে। এসব অশুভ রাজনৈতিক চক্রের ষড়যন্ত্রের বিরুদ্ধে শ্রমিক নেতাদের ঐতিহাসিক ভূমিকা রাখতে হবে। তিনি বলেন, ৭৬% বৈদেশিক মুদ্রা অর্জনকারী গার্মেন্টিস শিল্পকে রক্ষা করার জন্য সকল দেশী-বিদেশী ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য দেশপ্রেমিক ইসলামী মূল্যবোধে বিশ্বাসী ও জাতীয়তাবাদী ট্রেড ইউনিয়ন শক্তিকে ঐক্যবদ্ধভাবে কাজ করতে হবে। তিনি বলেন, কোন নবী-রাসূল ধর্মনিরপেক্ষ ছিলেন না। তাই কোন মুসলমান ধর্মনিরপেক্ষ হতে পারে না। মানুষের আইন কল্যাণকর নয়। তাই ইসলামী শ্রমনীতি বাস্তবায়নের জন্য শ্রমিক কল্যাণ ফেডারেশন কাজ করে যাচ্ছে।

সাবেক এমপি মাওলানা মীম ওবায়দুল্লাহ বলেন, একটি দল নির্বাচনে হতাশ হয়ে ধ্বংসাত্মক কাজে লিপ্ত রয়েছে। তাদেরকে জ্বালাও-পোড়াও রাজনীতি বাদ দিয়ে দেশ গড়ার রাজনীতি করার জন্য তিনি উদাত্ত আহ্বান জানান।



*মহিলা কর্মীদের মাঝে ঈদের সামগ্রী বিতরণ করছে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন*

**তানোর শ্রমিক সমাবেশে নেতৃবৃন্দ**

# কুরআনের সমাজ ছাড়া শ্রমিক সমাজের ভাগ্যের পরিবর্তন হবে না

তানোর উচ্চ বিদ্যালয় মাঠে এক শ্রমিক সমাবেশে শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান প্রধান অতিথির বক্তব্যে বলেন, সমাজ বিনির্মাণের কারিগর শ্রমিক সমাজের ভাগ্য পরিবর্তন করতে হলে সমাজ ও রাষ্ট্রে কুরআনের আইন প্রতিষ্ঠিত করতে হবে। শ্রমিক সমাজ নির্যাতিত-নিগৃহীত, বঞ্চিত ও প্রতারণার শিকার হচ্ছে। এ অবস্থা থেকে রেহাই পেতে হলে শ্রমিক সমাজকে কুরআনের রাজ কায়েমে অগ্রণী ভূমিকা রাখতে হবে। তিনি শ্রমিকদের ঐক্যবদ্ধভাবে কুরআনের শাসন কায়েমের আন্দোলনে অংশ নেয়ার আহ্বান জানান।

সমাবেশে বিশেষ অতিথি ছিলেন, জেলা আমীর মাওলানা আমিনুল ইসলাম, সেক্রেটারী অধ্যাপক আব্দুল খালেক, কৃষি সেক্রেটারী জনাব জামিলুর রহমান এবং উপজেলা সেক্রেটারী মাওলানা আব্দুর রহমান প্রমুখ নেতৃবৃন্দ।



*বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন রাজশাহী মহানগরীর রিক্সা শ্রমিকদের ফ্রি ব্লাড গ্রুপিং অনুষ্ঠানে বক্তব্য রাখছেন অধ্যাপক হাবিবুর রহমান*

# একটি কুচক্রী মহল কারখানায় আগুন দিয়ে জ্বালিয়ে দিচ্ছে

(৬এর পাতার পর)

দেশ যখন অর্থনৈতিক দিক দিয়ে এগিয়ে যাচ্ছে বহির্বিশ্বে ব্যাপক সুনাম অর্জন করছে, তখন একটি কুচক্রী মহল এগুলো সহ্য করতে না পেরে শ্রমিক নামধারী সন্ত্রাসী দিয়ে দেশের শিল্প কারখানাগুলো আগুনে পুড়িয়ে শিল্পখাতকে ধ্বংসের গভীর ষড়যন্ত্রে লিপ্ত হয়েছে।

তিনি সম্প্রতি স্থানীয় জেলা পরিষদ মিলনায়তনে শ্রমিক কল্যাণ ফেডারেশন জয়পুরহাট জেলা শাখার দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। জেলা সভাপতি মুক্তিযোদ্ধা আজিজুর রহমান আজিজ-এর সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে বিশেষ অতিথির বক্তব্য রাখেন রাজশাহী বিভাগ (উত্তর)-এর সেক্রেটারী আজহার আলী, কেন্দ্রীয় কমিটির সদস্য গোলাম কবির, জয়পুরহাট জেলা জামায়াতের সেক্রেটারী অধ্যাপক নজরুল ইসলাম, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডার মোকছেদ আলী মণ্ডল, জেলা জামায়াতের নায়েবে আমির মাওলানা আবদুল ওয়াদুদ, মাওলানা শামছুল ইসলাম, মাওলানা আব্দুল কুদ্দুস, জেলা সেক্রেটারী আব্দুল মান্নান প্রমুখ।

সম্মেলনে মুক্তিযোদ্ধা আজিজুর রহমান আজিজকে সভাপতি, আব্দুল মান্নানকে সেক্রেটারী ও সামছুল আলম টুকুকে সাংগঠনিক সেক্রেটারী মনোনীত করে শ্রমিক কল্যাণ ফেডারেশন জয়পুরহাট জেলা শাখার ৩১ সদস্যবিশিষ্ট পূর্ণাঙ্গ জেলা কমিটি গঠিত হয়।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন- সহ-সভাপতি প্রভাষক রবিউল ইসলাম ও আব্দুস সাত্তার, সহকারী সেক্রেটারী, প্রভাষক আব্দুল আলিম ও আহসান হাবিব, কোষাধ্যক্ষ নাজমুল আহসান, অফিস সেক্রেটারী মাওলানা ফরিদ উদ্দিন।




*ডা ফরিদ আহমেদ পিরাচার সাথে ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান ও ফেডারেশনের অন্যান্য নেতৃবৃন্দ।*

### ইপিজেড শাখা সমাবেশে অধ্যাপক মুজিব

## গার্মেন্টস শিল্প রক্ষায় শ্রমিক-মালিক ঐক্যবদ্ধ ভূমিকা পালন করুন

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ডিইপিজেড আঞ্চলিক শাখার উদ্যোগে এক শ্রমিক সমাবেশ ওমর ফারুকের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান। বিশেষ অতিথির বক্তব্য রাখেন জামায়াতে ইসলামী বাংলাদেশ ঢাকা উত্তর জেলা আমীর মাওলানা আমীর হোসাইন, ফেডারেশনের কেন্দ্রীয় সহ-সভাপতি কবির আহমদ মজুমদার, ঢাকা বিভাগ দক্ষিণের সভাপতি মোহাম্মদ উল্যাহ, ঢাকা উত্তর জেলা সভাপতি মোহাম্মদ সাদুল্লাহ, জামায়াতে ইসলামী আশুলিয়া থানা আমীর এডভোকেট শহীদুল ইসলাম, সেক্রেটারী আফজাল হোসাইন প্রমুখ নেতৃবৃন্দ।

প্রধান অতিথি অধ্যাপক মুজিব বলেন, বৈদেশিক রপ্তানির সিংহভাগ অর্থ উপার্জনকারী গার্মেন্টিস শিল্পকে ধ্বংস করার জন্য বিদেশী প্রভুদের ইংগিতে দেশীয় শত্রুরা গভীর ষড়যন্ত্র করে গার্মেন্টিস শিল্পে হামলা, লুটপাট ও জ্বালাও পোড়াও ইত্যাদি ধ্বংসযজ্ঞ চালিয়েছে। ৪ দলীয় জোট সরকারের সময়োচিত পদক্ষেপ এবং শ্রমিক মালিকদের ঐক্যবদ্ধ প্রচেষ্টার ফলে তাদের এই ধরনের হীন ষড়যন্ত্র আল্লাহর মেহেরবানীতে ব্যর্থ হয়েছে। তিনি গার্মেন্টিস শিল্প রক্ষায় শ্রমিক-মালিকের ঐক্যবদ্ধ ভূমিকা রাখার আহ্বান জানান এবং ট্রেড ইউনিয়ন অধিকার প্রদানসহ গার্মেন্টিস শ্রমিকদের সকল ন্যায্য অধিকার মেনে নিয়ে উৎপাদনের সুস্থ পরিবেশ সৃষ্টির জন্য মালিক এবং সরকারের প্রতি জোর দাবী জানান।

সমাবেশে মুনসুরুর রহমানকে সভাপতি, নূরে আলমকে সেক্রেটারী এবং শেখ শহীদুল ইসলামকে সাংগঠনিক সেক্রেটারী করে ২০০৬-২০০৭ সেশনের জন্য বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের ডিইপিজেড শাখা গঠন করা হয়।

সমাবেশে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন শ্রমিক কল্যাণ ফেডারেশন এর কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারী জেনারেল সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন রাজশাহী বিভাগ উত্তরের সভাপতি জনাব আবুল কালাম আজাদ, জেলা আমীর অধ্যক্ষ আলী আলম, এ্যাডঃ আব্দুল লতিফ, আজহার আলী প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে অধ্যাপক মুজিবুর রহমান বলেন, দেশের শিল্প কারখানা ধ্বংস করে দেশের অর্থনীতিকে পঙ্গু করার জন্য এক গভীর ষড়যন্ত্র চলছে। তারই অংশ হিসেবে গার্মেন্টিস ফ্যাক্টরীতে আগুন দেওয়া হয়েছে। সকলকে ঐক্যবদ্ধভাবে এসব ষড়যন্ত্র রুখতে হবে।

মুজিবুর রহমান আরো বলেন, শ্রমিক জনতা মেহনতী মানুষের মুক্তির একমাত্র পথ হচ্ছে ইসলাম। তাই শ্রমজীবী মানুষের কল্যাণের জন্য ইসলামী শ্রমনীতি চালুর জন্য সকলকে ঐক্যবদ্ধ হতে হবে। তিনি মজুরী কমিশন ঘোষণার জন্য সরকারকে ধন্যবাদ জানান এবং মজুরী কমিশন বাস্তবায়নের জন্য দাবী জানান। তিনি বলেন, ইতিমধ্যে সরকার শ্রমিক ও মালিকের মধ্যে চুক্তি স্বাক্ষরিত হওয়ায় গার্মেন্টিস চালু হয়েছে এবং শ্রমিকরাও কাজে যোগদান করেছে অথচ ঢাকার ইপিজেড-এর ৮৪টি কারখানা চালু না করায় লাখ লাখ শ্রমিক-কর্মচারী অনিশ্চয়তা ও আশংকার মধ্যে দিন কাটাচ্ছেন। জনাব মুজিব ৭৬% বৈদেশিক মুদ্রা অর্জনকারী গার্মেন্টস শিল্পকে রক্ষার জন্য সকল দেশী-বিদেশী ষড়যন্ত্রের বিরুদ্ধে রুখে দাঁড়ানোর জন্য দেশপ্রেমিক ইসলামী মূল্যবোধে বিশ্বাসী ও জাতীয়তাবাদী ট্রেড ইউনিয়ন শক্তিকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। তিনি বলেন, সরকার, মালিক ও শ্রমিকের মধ্যে তাদের নিজ নিজ স্বার্থ সংশ্লিষ্ট বিষয় নিয়ে ইতিমধ্যে যে চুক্তি স্বাক্ষরিত হয়েছে তা সকল পক্ষকে দেশ ও নিজেদের স্বার্থে যথাযথভাবে পালন করতে হবে। আগামী ১২ জুন বেসরকারী পাট, বস্ত্র ও সুতাকল শ্রমিক-কর্মচারীদের মজুরি কমিশনের দাবীতে যে অবস্থান ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করেছে তাতে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন তাদের সমর্থন জানিয়েছে।

### সিরাজগঞ্জ সমাবেশের ঘোষণা

## ইসলামী শ্রমনীতি বাস্তবায়ন না হওয়ায় শ্রমিকদের কল্যাণ হচ্ছে না

শ্রমিক কল্যাণ ফেডারেশন সিরাজগঞ্জ জেলা শাখার দায়িত্বশীল সমাবেশ জেলা সভাপতি মোহাম্মদ শাহিনুর আলমের সভাপতিত্বে জামায়াত কার্যালয়ে অনুষ্ঠিত হয়।

## শ্রমিক-মালিক দ্বন্দ্ব অব্যাহত আছে

(৭ পাতার পর)

ফেডারেশনের রংপুর জেলা সভাপতি শাহনুর হোসাইনের সভাপতিত্বে সম্মেলনে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন রাজশাহী বিভাগীয় উত্তরের সভাপতি আবুল কালাম আজাদ, জামায়াতের কেন্দ্রীয় মসজিলে শূরা সদস্য অধ্যক্ষ শাহ মুহাম্মদ রুহুল ইসলাম, রংপুর জেলা আমীর মাওলানা মমতাজ উদ্দিন, শ্রমিক কল্যাণের রংপুর জেলা সেক্রেটারী অধ্যাপক আবুল হাসেম বাদল,, শিবির শহর সেক্রেটারী আব্দুল্লাহ আল মামুন, রাজশাহী উত্তর সেক্রেটারী আজহার আলী প্রমুখ। পরে শাহ মুহাম্মদ নূর হোসাইনকে সভাপতি এবং আবুল হাসেম বাদলকে সেক্রেটারী করে ৩৫ সদস্য বিশিষ্ট শ্রমিক কল্যাণ ফেডারেশন রংপুর জেলা কমিটি ঘোষণা করা হয়। অধ্যাপক মুজিব আরো বলেন, বাংলাদেশে শ্রমিক-মালিক সম্পর্ক উন্নয়নের মাধ্যমে জাতীয় উৎপাদন বৃদ্ধি করা সম্ভব।


### জয়পুরহাট জেলা দ্বি-বার্ষিক সম্মেলন

## একটি কুচক্রী মহল কারখানায় আগুন দিয়ে জ্বালিয়ে দিচ্ছে

শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান বলেছেন, জোট সরকারের শাসনামলে শিল্প কারখানাগুলোর উন্নয়ন হয়েছে। (৫এর পাতায় দ্রঃ)




*ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে ইফতার মাহফিলে বক্তব্য রাখছেন কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী-সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান*



২৮ অক্টোবর আওয়ামী সন্ত্রাসীদের লগি বৈঠা দিয়ে নির্মমভাবে হত্যা করছে মুজাহিদুল ইসলামকে

## মুজাহিদুল ইসলামের হত্যাকান্ড দেখে অঝোরে কাঁদছে শিশু

২৮ অক্টোবর যুগের শ্রেষ্ঠ শহীদ মুজাহিদুল ইসলাম হত্যার নির্মম দৃশ্য দেখে অবুঝ শিশু অঝোরে কাঁদছে- শিশু চিৎকার করে বলছে মা-মাগো ওরা তাঁকে মেরে ফেলে লাঠি বৈঠা দিয়ে চোখের উপর গুতাচ্ছে। আমার ভয় লাগছে টিভি বন্ধ করে দাও। হঠাৎ নিরবতা ভঙ্গ করে হু-হু করে কেউ কাঁদছে এবং কারো চোখ দিয়ে অঝোরে পানি ঝরছে।

হযরত হামজা (রাঃ) শাহাদাত বরণ করছেন ওহুদের যুদ্ধে। হিন্দা হামজা (রাঃ)'র বুক চিরে কলিজা বের করে চিবিয়েছে। হযরত খাব্বাব (রাঃ) কে জলন্ত আগুনের কয়লায় উপুড় করে শুইয়ে দিয়ে ইসলামের শত্রুরা তামাশা দেখছে। মুজাহিদুল ইসলামের শাহাদাত জাহেলী যুগের নির্মম ইতিহাসকে পুনরায় স্মরণ করিয়ে দিয়ে গেল।

ইতিহাসে শহীদ মুজাহিদুল ইসলাম যুগে যুগে ইসলামী আন্দোলনে প্রেরণা উৎসাহ যোগাবে।

*ফেনীর পরিবহন শ্রমিক সমাবেশে অধ্যাপক মুজিব*

## দেশে ইসলামী শ্রমনীতি চালু না থাকায় মালিক-শ্রমিকের সম্পর্কের অবনতি ঘটছে

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি, জামায়াতের কেন্দ্রীয় সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি বলেন, বাংলাদেশে ইসলামী শ্রমনীতি চালু না থাকার কারণে শ্রমিক-মালিকের মধ্যে সম্পর্কের অবনতি ঘটে চলছে। এতে উভয় পক্ষ একে অপরকে প্রতিপক্ষ মনে করে। উৎপাদনের সাথে শ্রমিক-মালিক উভয়ে জড়িত। তিনি বলেন, দেশের উন্নয়নের স্বার্থে শ্রমিক-মালিকের মধ্যে অবশ্যই সুসম্পর্ক থাকতে হবে, এক্ষেত্রে একমাত্র ইসলামই পারে উভয়ের মধ্যে সম্পর্ক ঠিক রাখতে। তিনি সম্প্রতি ফেনী কমিউনিটি সেন্টারে জেলা শ্রমিক কল্যাণ ফেডারেশন পরিবহন শাখা আয়োজিত এক সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন। জেলা সভাপতি মাওলানা নূরুল আবছারের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত সভায় বিশেষ অতিথি ছিলেন জেলা শাখার প্রধান উপদেষ্টা ও বিশিষ্ট ইসলামী চিন্তাবিদ অধ্যাপক লিয়াকত আলী ভূঞা। এতে আরো বক্তব্য রাখেন, ফেডারেশনের কেন্দ্রীয় জেনারেল সেক্রেটারী আমিনুল ইসলাম, চট্টগ্রাম উত্তর বিভাগ সেক্রেটারী মুজিবুর রহমান, ফেনী সদর উপজেলা সভাপতি আবদুল মোনায়েম প্রমুখ।

অধ্যাপক মুজিবুর রহমান বলেন, শ্রমিক কল্যাণ ফেডারেশন শ্রমিক ও মালিকের মধ্যে সুন্দর সম্পর্ক গড়ার মাধ্যমে দেশের সমৃদ্ধির জন্য কাজ করে যাচ্ছে। তিনি আরো বলেন, দেশের সরকার ও বিরোধী দলের মধ্যে সুসম্পর্ক থাকা খুবই প্রয়োজন কিন্তু বর্তমান বিরোধী দল ক্ষমতা যেতে না পেরে দেশের সম্পদ ধ্বংস করছে। তিনি এই অপশক্তিকে প্রতিহত করার আহ্বান জানান।

আমিনুল ইসলাম বলেন, দেশের পরিবহন শ্রমিকরা হচ্ছে সবচেয়ে বেশী অধিকার বঞ্চিত। তাদের অধিকার প্রতিষ্ঠার জন্য ফেডারেশন সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যাচ্ছে।

মাওলানা লিয়াকত আলী ভূঞা বলেন, যে শ্রমিকরা মাথার ঘাম পায়ে ফেলে সভ্যতার ভিত রচনা করছে সেই শ্রমিকদের ক্ষমতায় যাওয়ার সিঁড়ি হিসেবে ব্যবহার করা হয়।

*টিসিসি'র বৈঠকে অধ্যাপক মুজিব*

## প্রত্যেক কারখানায় মসজিদ নির্মাণ ও নামাজের বিরতি দিতে হবে

ট্রিপাটট্রাইট কনসালটেটিভ কমিটি (টিসিসি)'র শ্রম আইনের খসড়া অনুমোদনের জন্য আয়োজিত কাকরাইলস্থ জনশক্তি ও প্রশিক্ষণ ব্যুরো অডিটরিয়ামে ত্রিপক্ষীয় মালিক-শ্রমিক এবং সরকার পক্ষের প্রতিনিধিদের সভা সাবেক শ্রম ও কর্মসংস্থান প্রতিমন্ত্রী আমান উল্লাহ আমানের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি এবং জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি বলেন, ৯৫% মুসলিম অধ্যুষিত বাংলাদেশের শ্রমজীবী মানুষের মিলকারখানায় মসজিদ এবং নামাযের জন্য বিরতি থাকবে না এটা হতে পারে না। তিনি বলেন, অনেক কারখানায় নামাজি পুরুষ ও নারীকে নামাজ পড়ার জন্য বিরতি দেয়া হয় না এবং নামাজের জায়গাও নেই। তিনি বর্তমান আইনে প্রত্যেক কারখানায় নামাজের জায়গা এবং নামাজের সময় বিরতি প্রদান বাধ্যতামূলক করার জন্য দাবী জানান। তাঁর এ দাবীর প্রতি জাতীয় শ্রমিক ফেডারেশনগুলো সমর্থন দেন। তিনি শ্রমিকদের জন্য শ্রম আদালতের রায় ও ডিক্রিকে কার্যকরী করার জন্য শ্রম আপীল ট্রাইবুন্যালকে আরো ক্ষমতা প্রদানের জন্য আইন সংশোধনের দাবী জানান।

## জার্মান দূতাবাসের পলিটিক্যাল এ্যটাচি মি. বোগালির সাথে ফেডারেশনের নেতৃবৃন্দের মতবিনিময়

জার্মান দূতাবাসের পলিটিক্যাল এ্যটাচি মি. বোগালির সাথে ফেডারেশনের নেতৃবৃন্দের মতবিনিময় সভা ফেডারেশনের মগবাজারস্থ কেন্দ্রীয় কার্যালয়ে অনুষ্ঠিত হয়। সভায় ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি, সাধারণ সম্পাদক জনাব আমিনুল ইসলাম, সহ-সভাপতি জনাব কবির আহমদ মজুমদার, মহানগরী সভাপতি জনাব মোহাম্মদ ইকবাল, বিআরইএল সভাপতি জনাব আবু তাহের খান, মহানগরীর সহ-সভাপতি এড: এস,এম, আব্দুল হাই, সেক্রেটারী মির্জা মিজানুর রহমান, আদর্শ ফেডারেল ইউনিয়নের সভাপতি জনাব হাজী আব্দুর রাজ্জাক, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড শ্রমিক কর্মচারী ইউনিয়ন বি-১৫০৫-এর সভাপতি জনাব মোহাম্মদ শহীদুল ইসলাম মোল্লা, ঢাকা বিভাগ দক্ষিণের সভাপতি জনাব মোহাম্মদ উল্যাহ, ইসলামিক ফাউন্ডেশন বাংলাদেশ শ্রমিক ও কর্মচারী ইউনিয়ন বি ১৯৫০-এর সভাপতি জনাব ওবাদুর রহমান প্রমুখ শ্রমিক নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

*রংপুর দ্বি-বার্ষিক সম্মেলনে অধ্যাপক মুজিব*

## সমাজে ইসলামী শ্রমনীতি বাস্তবায়িত না থাকায় শ্রমিক-মালিক দ্বন্দ্ব অব্যাহত আছে

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি জামায়াতে ইসলামীর অন্যতম সহকারী সেক্রেটারী জেনারেল অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি বলেছেন, সমাজে ইসলামী শ্রমনীতি বাস্তবায়ন না থাকায় শ্রমিক অসন্তোষ এবং শ্রমিক-মালিক দ্বন্দ্ব বিরাজ করছে। তিনি সম্প্রতি স্থানীয় টাউন হলে শ্রমিক কল্যাণ ফেডারেশন রংপুর শাখার দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছিলেন। (৬ষ্ঠ পাতায় দ্রঃ)



২৮ অক্টোবর ২০০৬ আওয়ামী সন্ত্রাসী ও তাদের ১৪ দলীয় সন্ত্রাসী দোসররা জ্বালিয়ে দিচ্ছে পল্টন গুলিস্থান এলাকার ক্ষুদে ব্যাবসায়ীদের দোকানপাট।



ঢাকার একটি হোটেলে শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরীর উদ্যোগে বাংলাদেশ গার্মেন্টস শিল্প বিকাশে আমাদের করণীয় শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখছেন সাবেক সমাজ কল্যাণমন্ত্রী ও জামায়াতে ইসলামী বাংলাদেশের সেক্রেটারী জেনারেল আলী আহসান মোহাম্মাদ মুজাহিদ এবং বিশেষ অতিথি হিসেবে উপস্থিত আছেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান

### গার্মেন্টির্স মালিকদের সাথে মত বিনিময়ে সাবেক সমাজকল্যাণ মন্ত্রী

# ইসলামী সমাজ প্রতিষ্ঠা হলে অধিকার আদায়ের জন্য আন্দোলনের প্রয়োজন হবে না

সাবেক সমাজকল্যাণ মন্ত্রী ও জামায়াতে ইসলামীর সেক্রেটারী জেনারেল আলী আহসান মোহাম্মদ মুজাহিদ বলেছেন, দেশে ইসলামী সমাজ প্রতিষ্ঠিত হলে মালিক-শ্রমিক প্রত্যেকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালন করবে, ফলে অধিকার আদায়ের আন্দোলন করার প্রয়োজন হবে না। কারখানায় উৎপাদন বাড়বে এবং শ্রমিকরা ন্যায্য অধিকার পাবে। গার্মেন্টস শিল্পসহ সকল ক্ষেত্রে ইসলামী পরিবেশ সৃষ্টি করার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানান। মিরপুরস্থ স্থানীয় একটি হোটেলে বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশন ঢাকা মহানগরী শাখার উদ্যোগে "বাংলাদেশে গার্মেন্টস শিল্প বিকাশে আমাদের করণীয়" শীর্ষক আলোচনা সভা ও মতবিনিময় অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন। ফেডারেশনের ঢাকা মহানগরী সভাপতি মুহাম্মদ ইকবালের সভাপতিত্বে বিশেষ অতিথির বক্তব্য রাখেন ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান সাবেক এমপি, সাধারণ সম্পাদক মুহাম্মদ আমিনুল ইসলাম, ইসলামী ব্যাংকের সাবেক চেয়ারম্যান নাজির আহমেদ। গার্মেন্টস মালিকদের মধ্যে বক্তব্য রাখেন মাহতাব উদ্দিন আহমদ চৌধুরী, কাজী মনির উদ্দিন আহমদ, শেখ আব্দুস সালাম, মাওলানা রফিক আহমদ, নূরুল ইসলাম প্রমুখ।

জনাব আলী আহসান মোহাম্মদ মুজাহিদ গার্মেন্টস মালিকদেরকে তার দলের পক্ষ থেকে শ্রদ্ধা প্রদর্শন করে বলেন, গার্মেন্টস শিল্প যখন মুখ থুবড়ে পড়ছিল, তখন সাহসী পদক্ষেপের মাধ্যমে উৎপাদন এবং বাজার নিয়ন্ত্রণের ক্ষেত্রে আপনারা যে সাফল্য অর্জন করেছেন ভারতের পক্ষেও তা অর্জন করা সম্ভব হয়নি। তিনি বলেন, গার্মেন্টস শিল্পের সংকটের সময় শ্রমিক মারা যাওয়ার গুজব বড় সমস্যা হিসেবে দেখা দিয়েছে। আগামীতেও এ ধরনের গুজবকে কেন্দ্র করে দুর্ঘটনা ঘটাতে পারে। এ ব্যাপারে জনগণকে সচেতন করার জন্য তিনি গার্মেন্টস মালিকদের প্রতি আহ্বান জানান। তিনি গার্মেন্টস শিল্পে সরকারের নিরাপত্তা প্রদানের পাশাপাশি সামাজিক নিরাপত্তার গুরুত্বের কথা উল্লেখ করেন। তিনি বলেন, ষাট ও সত্তরের দশকে শ্রমিক নেতৃবৃন্দ শ্রমিকদেরকে শ্রেণী সংগ্রামের নামে মালিক মানে শোষক আর শ্রমিক মানে শোষিত এই দর্শন প্রদানের কারণে আজও সংঘাত সৃষ্টি হয়। পৃথিবীর কোথাও এখন শ্রেণী সংগ্রামের অস্তিত্ব নেই। তিনি একশ্রেণীর শ্রমিক নামে ভূঁইফোঁড় শ্রমিক নেতৃবৃন্দের চাঁদাবাজি ও শ্রমিকদেরকে অন্যায়ভাবে ব্যবহারের কথা উল্লেখ করেন।

অধ্যাপক মুজিবুর রহমান বলেন, দুষ্কৃতিকারীরা শ্রমিক ও মালিকের মধ্যে বিরাজমান দূরত্ব সৃষ্টি করে অনেক ক্ষতি করছে মালিকরা যদি শ্রমিকদের ন্যায্য পাওনা প্রদান করে এবং ইসলামী শ্রমনীতি ও শিল্পনীতি অনুযায়ী কাজ করে, উৎপাদন বৃদ্ধি করে তাহলে এ কাজ ইবাদত হিসেবে গণ্য হবে। গার্মেন্টস মালিকরা তাদের বক্তব্যে বলেন, বাংলাদেশের অর্থনীতির মেরুদণ্ড ভেঙ্গে দিতে দুষ্কৃতিকারীরা গার্মেন্টস শিল্পের বিরুদ্ধে ষড়যন্ত্র করছে। ষড়যন্ত্রকারীদের চিহ্নিতকরণ, পর্যাপ্ত নিরাপত্তা প্রদান এবং বহিরাগতরা যাতে সংগঠন করতে না পারে সে লক্ষ্যে নীতিমালা তৈরীর জন্য তারা সরকারের কাছে দাবী জানান।


## ডক্টর্স এইচ আনোয়ার আব্বাসের সাথে মকবুল আহমদ

মজলিসে ওলামা ইন্দোনেশিয়ার সেক্রেটারী এবং সাবেক ইন্দোনেশিয়ান পার্লামেন্ট মেম্বার ডক্টর্স এইচ আনোয়ার আব্বাস বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় কার্যালয়ে জামায়াতে ইসলামী বাংলাদেশের নায়েবে আমীর জনাব মকবুল আহমদ এবং ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমানের সাথে সৌজন্য সাক্ষাত এবং মত বিনিময় করেন।



মজলিসে ওলামা ইন্দোনেশিয়ার সেক্রেটারী এবং সাবেক ইন্দোনেশিয়ান পার্লামেন্ট মেম্বার ডক্টর্স এইচ আনোয়ার আব্বাসকে ইসলামী বই উপহার দিচ্ছেন জামায়াতে ইসলামী বাংলাদেশের নায়েবে আমীর মকবুল আহমেদ

ডক্টর এইচ আনোয়ার আব্বাস বাংলাদেশ সরকারের আমন্ত্রণে একটি ধর্মীয় সেমিনারে অংশগ্রহণ করেন। জনাব মকবুল আহমেদের সাথে ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান এবং সহকারী সেক্রেটারী জেনারেল জনাব মাওলানা আবু তাহের এবং এ.এইচ.এম. হামিদুর রহমান আজাদ উপস্থিত ছিলেন।




শ্রমিক কল্যাণ ফেডারেশন খুলনা মহানগরী দ্বি-বার্ষিক সম্মেলনে প্রধান অতিথির বক্তব্য রাখছেন জামায়াতে ইসলামী বাংলাদেশের সহকারী সেক্রেটারী জেনারেল ও ফেডারেশনের কেন্দ্রীয় সভাপতি অধ্যাপক মুজিবুর রহমান

বাংলাদেশ শ্রমিক কল্যাণ ফেডারেশনের কেন্দ্রীয় প্রচার বিভাগ কর্তৃক প্রকাশিত, ৪৩৫ মগবাজার, ওয়্যারলেস রেলগেইট, ঢাকা। ফোনঃ ৮৩৫৮১৭৭
E-mail : cpskf@hotmail.com skf@sramik-kalyan.org
Website : www.sramik-kalyan.org

ডিজাইন ও মুদ্রণে ঃ আল-ফালাহ প্রিন্টিং প্রেস, ফোন ঃ ৯৩৫৮৪৩২, ৯৩৪৫৭৪১